

বিশ্ববিদ্যালয় ঘোষণাকে কেন্দ্র করে পাল্টাপাল্টি সমাবেশ

■ চট্টগ্রাম য়ারো বিশ্ববিদ্যালয়ে রুপান্তরের ঘোষণাকে কেন্দ্র করে উত্তর-পূর্বে উঠেছে চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) উচ্চ হাসপাতাল। এ নিয়ে গতকাল রোববার সকাল সাড়ে ১১টার দিকে পাল্টাপাল্টি সমাবেশ ও মিছিল করে চিকিৎসক এবং কর্মচারীরা। এ সময় দু'পক্ষের মধ্যে হাতাহাতির ঘটনা ঘটে। পরে পুলিশ এসে দু'পক্ষকে সরিয়ে দিলে পরিস্থিতি শান্ত হয়। চমেক পুলিশ ফাঁড়ির উপ-পরিদর্শক জহিরুল ইসলাম ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, চিকিৎসক ও কর্মচারীরা মিছিল বের করলে সামান্য ধস্তাধস্তি হয়। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

প্রত্যক্ষদর্শীরা জানান, সকাল সাড়ে ১১টার দিকে হাসপাতালের প্রধান ফটকের সামনে থেকে সংগ্রাম পরিষদের ব্যানারে মিছিল বের করে

নাম, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীরা। একই মানে চিকিৎসক ও শিক্ষার্থীরা অনন্দ মিছিল বের করলে দু'পক্ষের মধ্যে উত্তপ্ত বাকবিনিময় হয় ও হাতাহাতির ঘটনা ঘটে। চমেক হাসপাতালের পরিচালক হোসদকার শহীদুল গনি বলেন, 'আমরা ইতিমধ্যে কর্মচারীদের সঙ্গে কথা বলেছি। বিশ্ববিদ্যালয় ঘোষণার সঙ্গে হাসপাতালের কোনো সম্পর্ক নেই। এতে শুধু কলেজের রুপান্তর ঘটবে। হাসপাতালের কর্মকর্তা কর্মচারীদের কোনো ক্ষতি হবে না। তারা ভুল তথ্যের ওপর ভিত্তি করে মিছিল সমাবেশ করছে। চট্টগ্রাম মেডিকেল কলেজের অধ্যক্ষ সেলিম মুহাম্মদ জাহাঙ্গীর বলেন, বিশ্ববিদ্যালয় করার ব্যাপারে এখনও প্রজ্ঞাপন জারি হয়নি। তাছাড়া এ বিষয়ে সিদ্ধান্ত নেবে সরকার।

**চট্টগ্রাম
 মেডিকেল
 কলেজ
 উত্তপ্ত**